

বঙ্গভবন ০৮ জুন ২০২২:

কাতার বিশ্বকাপ ফুটবল উপলক্ষ্যে বিশ্বব্যাপী ট্রফি ভ্রমণের ধারাবাহিকতায় আজ বাংলাদেশে এসেছে ফিফা বিশ্বকাপ ট্রফি।

বিকেলে বিশ্বকাপ ফুটবলের ট্রফিটি বঙ্গভবনে পৌঁছুলে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বাংলাদেশে ফুটবলের গৌরবোজ্জ্বল এই ট্রফিকে স্বাগত জানান এবং অবলোকন করেন।

পরে, রাষ্ট্রপতি ট্রফির সাথে ফটোসেশনে অংশ নেন। এ সময় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল, সংসদ সদস্য রেজওয়ান আহমেদ তৌফিক, বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সভাপতি কাজী মোঃ সালাউদ্দিন সহ ফিফার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। এছাড়া রাষ্ট্রপতির সচিবগণ এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব উপস্থিত ছিলেন।

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বিশ্বকাপ ফুটবল ট্রফি বাংলাদেশে নিয়ে আসায় ফিফাসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের ধন্যবাদ জানান। রাষ্ট্রপতি আশা করেন এর ফলে খেলোয়াড়, সংগঠক ও সমর্থকরা ফুটবলের প্রতি আরো বেশি উৎসাহিত হবে এবং বাংলাদেশের ফুটবল আগামীতে আন্তর্জাতিক অঙ্গনে আরো এগিয়ে যাবে।

পরে রাষ্ট্রপতির পত্নী রাশিদা খানম, তাঁর পরিবারের সদস্য এবং বঙ্গভবনের কর্মকর্তাগণ বিশ্বকাপ ফুটবলের ট্রফির পাশে দাঁড়িয়ে ফটোসেশনে অংশ গ্রহণ করেন।